গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**পীরগঞ্জ সরকারি কলেজ**
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

*Website: www.pirganjgc.edu.bd; Email: pgc_net@yahoo.com, c3509@nu.ac.bd; EIIN: 128965*
অধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩১৮৪, মোবাইল: ০১৭৪০৪৭৩৪৯৩, ০১৩০৯১২৮৯৬৫; উপাধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩২০২

বিজ্ঞপ্তি নং-২২০

তারিখঃ ~~১৮~~/০২/২০২৬ খ্রি.

# ২০২৪ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) আবেদন ফরম পূরণ (২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম এবং শর্তাবলী নিম্নরূপ:

**১. ফরমপূরণের যোগ্যতাঃ ইনকোর্স পরীক্ষার সকল বিষয়ে অংশগ্রহণকারী শিক্ষার্থীগণ (নিয়মিত ও ডিটেন্ড) ফরমপূরণ করতে পারবে।**

**২. ফরমপূরণের জন্য আবেদন জমা দানের তারিখঃ ০১/০৩/২০২৬ খ্রি. তারিখ হতে ০৮/০৩/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত।**

**আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমার ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী:**

১। অনলাইনে আবেদন ফরম পূরণ:

আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/student-login)-এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম যথাযথভাবে পূরণ এবং ডাউনলোড করে প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফি সহ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

২। **পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:**

ক) নিয়মিত: শুধুমাত্র ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০২৩ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে ৪র্থ বর্ষে প্রমোশন পেয়েছে এবং ৪র্থ বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে যাদের ডাটা ওয়েবসাইটে দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২৪ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) অনিয়মিত: যে সকল শিক্ষার্থী (সেশন ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০) ইতোপূর্বে অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স ৪র্থ বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০২১, ২০২২ ও ২০২৩ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২৪ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশ গ্রহণ করবে।

গ) গ্রেড উন্নয়ন: যে সকল শিক্ষার্থী (২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষের) অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদেরকে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২৩ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী C+, C এবং D গ্রেড প্রাপ্ত হলে সে যে কোন দু'টি কোর্সে ২০২৪ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন পরীক্ষার্থী ন্যূনতম দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

বি.দ্র: কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তাঁর পূর্বের গ্রেড বহাল থাকবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষের) পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তারা সর্বসাকুল্যে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বিশেষ ফি প্রদান করে শুধুমাত্র ২০২৪ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে।

৫. পাঠ্যসূচি: সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৬. ফরমপূরণ ফি: (ফি এর সাথে বিকাশ চার্জ সংযুক্ত আছে, শিক্ষার্থীদের Payment এর সময় আলাদা করে চার্জ দিতে হবে না।)

| ক্রমিক | পরীক্ষার্থীর ধরণ | মোট ফি |
|---|---|---|
| ০১ | নিয়মিত: (বাংলা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা) | ৫২৬৮.০০ |
| ০২ | নিয়মিত (উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান) | ৫৩১৯.০০ |
| ০৩ | অনিয়মিত/মানোন্নয়ন গ্রেড উন্নয়ন (এক বিষয়) | ১৭৭৩.০০ |
| ০৪ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন (দুই বিষয়) | ২০৭৭.০০ |
| ০৫ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন (তিন বিষয়) | ২৩৮১.০০ |
| ০৬ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন (চার বিষয়) | ২৬৮৫.০০ |
| ০৭ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন (পাঁচ বিষয়) | ২৯৮৯.০০ |
| ০৮ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন (ছয় বিষয়) | ৩২৯৩.০০ |
| ০৯ | ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের F গ্রেড প্রাপ্ত পরীক্ষার্থী (সকল বিষয়)। | ৫৯২৬.০০ |

বিঃদ্রঃ ১। ডিটেন্ড পরীক্ষার্থী, Not promoted এবং যারা ৪র্থ বর্ষে ভর্তি হয়নি তাদেরকে ৪র্থ বর্ষে ভর্তি/পূনঃভর্তি হয়ে ফরমপূরণ করতে হবে।

২। বিজ্ঞান শাখার যেসকল অনিয়মিত শিক্ষার্থী পূর্ববর্তী ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহন করেনি তাদেরকে তত্ত্বীয় ও কেন্দ্র ব্যবহারিক ফি অতিরিক্ত প্রদান করতে হবে।

চলমান পাতা

৭। ভর্তি ফি জমাদান পদ্ধতিঃ
বিকাশ অ্যাপের মাধ্যমের পেমেন্ট পদ্ধতি (বিকাশ অ্যাপ ছাড়া পেমেন্ট করা যাবে না)
> আপনার বিকাশ অ্যাপে লগ-ইন করুন
Home screen থেকে Payment সিলেক্ট করুন।
➤ Merchant Number (01740473493) দিন ও পরের ধাপে যান।
> আপনার জন্য নির্ধারিত টাকার পরিমাণ টাইপ করুন (ফরমপূরণ ফি দ্রষ্টব্য)
> পরবর্তী ধাপে আপনার টাকার পরিমাণ যাচাই করুন এবং আপনার payment reference- H4FF24 (স্পেস) Registration Number (স্পেস) মোবাইল নম্বর দিন। কোন অবস্থাতেই রেফারেন্স নম্বর ফাঁকা রেখে বা ভুল তথ্য দিয়ে পেমেন্ট করা যাবে না।
উদাহরণ: H4FF24 21222183895 016104163460
Code Registration No. Mobile No.
> আপনার বিকাশ PIN দিন ও পরের ধাপে যান।
"Type and Hold to Make Payment চেপে ধরে পেমেন্ট সম্পন্ন করুন।
> পেমেন্ট সম্পন্ন হলে পেমেন্টের screenshot নিন বা Payslip download করুন এবং ০২ কপি প্রিন্ট করুন।

৮। বিশেষ সতর্কতাঃ
নির্ধারিত ফরমপূরণ ফি'র কম payment করলে কিংবা payment reference-এ কোড (H4FF24) Registration Number এবং শিক্ষার্থীর মোবাইল নম্বর না দিলে বা ভুল দেবার কারণে ফরমপূরণের নিশ্চায়ন সংক্রান্ত কোনরুপ জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবেনা। উল্লেখ্য, কলেজের মোবাইল মার্চেন্ট নম্বরে ভুল করে অথবা বেশী payment করলে তা ফেরত প্রদানের কোন সুযোগ নেই। তাই সতর্কতার সাথে payment করতে হবে এবং payment সম্পন্নের পর প্রাপ্ত ম্যাসেজ/payment copy অবশ্যই শিক্ষার্থীকে সংরক্ষণ করতে হবে।

৯। সংযুক্ত কাগজপত্রের বিবরণঃ
ক) নিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রেঃ রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
খ) অনিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রেঃ রেজিস্ট্রেশন কার্ড ও বিগত পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।
গ) সকল ক্ষেত্রেঃ বিকাশের মাধ্যমে ফরমপূরণ ফি পরিশোধের ট্রানজেকশন প্রিন্ট কপি।

প্রয়োজনে যোগাযোগ:
০১৭২১০১১০৫৩ (জনাব মো: সোলায়মান আলী, প্রদর্শক, রসায়ন, সদস্য- ফরমপূরণ কমিটি।
০১৭৯৯২৪৮৪৫৮ (জনাব খন্দকার আরশাদুল বারী, প্রভাষক, প্রাণিবিজ্ঞান, সদস্য- ফরমপূরণ কমিটি।
০১৭১৬৪৮৯৮৮৯ (জনাব বেগম রেজিনা পারভীন, সহযোগী অধ্যাপক, অর্থনীতি, আহবায়ক- ফরমপূরণ কমিটি।

**** যে সমস্ত শিক্ষার্থী ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি (নিয়মিত ও ডিটেন্ড) তারা ফরমপূরণ করতে পারবে না।**

প্রতিস্বাক্ষরিত
১৮/০২/২৪
(প্রফেসর মোঃ বদরুল হুদা-৫৯৬৭)
অধ্যক্ষ
পীরগঞ্জ সরকারি কলেজ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও

১৮/০২/২৪
(বেগম রেজিনা পারভীন)
সহযোগী অধ্যাপক, অর্থনীতি ও
আহবায়ক
অনার্স ৪র্থ বর্ষ ফরম পুরণ কমিটি-২০২৪
পীরগঞ্জ সরকারি কলেজ, ঠাকুরগাঁও

18.2.24